



# যুগান্তর

দ্বিতীয় সংস্করণ

www.jugantor.com



বুধবার | ঢাকা ২৭ নভেম্বর ২০১৯ | ২২ অগ্রহায়ণ ১৪২৬ | ২৯ রনিউল আউট্রাল ১৪৪১ খিজরি | রেডিও নং: ডিএ ১৯২০ | বর্ষ ২০ | সংখ্যা ২৮৯ | ৩০ পৃষ্ঠা • ১০ টাকা



বগুড়ায় যান্ত্রিক পদ্ধতিতে ধান কাটার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন এলজিআরডিমন্ত্রী তাজুল ইসলাম যুগান্তর

## সমবায় ভিত্তিতে চাষাবাদ সারা দেশে ছড়িয়ে দিতে হবে

— এলজিআরডিমন্ত্রী

### শেরপুর (বগুড়া) প্রতিনিধি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মন্ত্রী মো. তাজুল ইসলাম এমপি বলেছেন, জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিতে যান্ত্রিকীকরণের মাধ্যমে চাষাবাদে সাশ্রয়ী খরচে উন্নতমানের ফলন পাওয়া সম্ভব, যা বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির পাইলট প্রকল্পে গবেষণার মাধ্যমে প্রমাণিত হয়েছে। পর্যায়ক্রমে এই প্রযুক্তি সারা দেশে ছড়িয়ে দিতে হবে। মঙ্গলবার বিকালে উপজেলা গাড়িদহ ইউনিয়নের চকপাখালিয়া মাঠে পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া কর্তৃক গবেষণাধীন 'কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায়ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা'র ধান কর্তনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য, শেরপুর-ধুনট এলাকার এমপি মো. হাবিবুর রহমান। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মো. রেজাউল আহসানের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া'র মহাপরিচালক মো. আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব), বগুড়ার জেলা প্রশাসক ফয়েজ আহমেদ, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মজিবুর রহমান মজনু, স্থানীয় সমবায়ী কৃষক আবুল কাশেম মণ্ডল।